

টমেটো, শালগম, পিঁয়াজ ও ধনিয়া শীতকালীন সবজী বিধায় এগুলো শীতকালের শুরুতে (অক্টোবর-নভেম্বর মাসের মধ্যে) লাগানো উচিত এবং নিম্নোক্ত সার প্রয়োগ করতে হয়।

টমেটোঃ

ক) হেক্টরে

| ইউরিয়া | টিএসপি | এমওপি | জিপসাম | বোরিক এসিড | পঁচা গোবর (ট/হেঃ) |
|------------|--------|-------|--------|------------|----------------------|
| (কেজি/হেঃ) | | | | | |
| ৩৩৭ | ৩০ | ১০০ | ৬৭ | ১ | ৫ |

এবং

খ) শতকে

| ইউরিয়া | টিএসপি | এমওপি | জিপসাম | বোরিক এসিড | পঁচা গোবর (কেজি/শতক) |
|-------------|--------|-------|--------|------------|-------------------------|
| (গ্রাম/শতক) | | | | | |
| ১৪০০ | ১২৫ | ৪০০ | ২৭৫ | ০৪ | ২০ |

প্রয়োগ পদ্ধতিঃ

শেষ চাষের সময় সবটুকু পঁচা গোবর, টিএসপি, জিপসাম, জিংক সালফেট, বোরিক এসিড এবং অর্ধেক এমপি সার জমিতে ভালভাবে ছিটিয়ে মাটির সাথে মিশিয়ে দিতে হবে। বাকি অর্ধেক এমপি সার দুই কিস্তিতে চারা লাগানোর ২৫ দিন ও ৪০ দিন পর উপরি প্রয়োগ করতে হবে। ইউরিয়া সার তিন কিস্তিতে চারা লাগানোর ১০, ২৫ ও ৪০ দিন পর উপরি প্রয়োগ করতে হবে। উপরি প্রয়োগকৃত ইউরিয়া এবং এমপি সার গাছের গোড়ায় ১০-১৫ সেমি দূরে মাটির সঙ্গে ভাল করে মিশিয়ে দিতে হবে।

ধনিয়াঃ

ক) হেক্টরে

| ইউরিয়া | টিএসপি | এমওপি | জিপসাম | বোরিক এসিড | পঁচা গোবর (ট/হেঃ) |
|------------|--------|-------|--------|------------|----------------------|
| (কেজি/হেঃ) | | | | | |
| ১৮০ | ১৩০ | ১১০ | - | - | ৫ |

এবং

খ) শতকে

| ইউরিয়া | টিএসপি | এমওপি | জিপসাম | বোরিক এসিড | পঁচা গোবর (কেজি/শতক) |
|-------------|--------|-------|--------|------------|-------------------------|
| (গ্রাম/শতক) | | | | | |
| ৭৩০ | ৫২৬ | ৪৪৫ | - | - | ২০ |

প্রয়োগ পদ্ধতিঃ

জমি তৈরির সময় সমস্ত পঁচা গোবর, এমওপি ও টিএসপি সার প্রয়োগ করতে হবে। ইউরিয়া ২ কিস্তিতে প্রয়োগ করতে হবে। চারা গজানোর ১৫ দিন পর ১ম কিস্তি এবং চারা গজানোর ৪০ দিন পর বাকি ইউরিয়া উপরি প্রয়োগ করতে হবে।

পিয়াজঃ

ক) হেক্টরে

| ইউরিয়া | টিএসপি | এমওপি | জিপসাম | বোরিক এসিড | পঁচা গোবর (ট/হেঃ) |
|------------|--------|-------|--------|------------|----------------------|
| (কেজি/হেঃ) | | | | | |
| ২৪০ | ২৬০ | ১৫০ | ৫০ | ০৩ | ০৫ |

এবং

খ) শতকে

| ইউরিয়া | টিএসপি | এমওপি | জিপসাম | বোরিক এসিড | পঁচা গোবর (কেজি/শতক) |
|-------------|--------|-------|--------|------------|-------------------------|
| (গ্রাম/শতক) | | | | | |
| ৯৭২ | ১০৫৩ | ৬০৭ | ২০৩ | ১২ | ২০ |

প্রয়োগ পদ্ধতিঃ

জমিতে শেষ চাষের পূর্বে সম্পূর্ণ পঁচা গোবর, টিএসপি, জিপসাম ও বোরন সার ছিটিয়ে মাটির সাথে ভালভাবে মিশিয়ে দিতে হবে। এরপর ইউরিয়া ও এমওপি সার যথাক্রমে শেষ চাষে, প্রথম কিস্তি গাছের বয়স ২৫-৩০ দিন, ২য় কিস্তি গাছের বয়স ৫০-৫৫ দিন এবং ৩য় কিস্তির গাছের বয়স ৭০-৭৫ দিন হলে উপরে ছকে উল্লেখিত পরিমাণ মতো প্রয়োগ করতে হবে।

শালগমঃ

ক) হেক্টরে

| ইউরিয়া | টিএসপি | এমওপি | জিপসাম | বোরিক এসিড | পঁচা গোবর (ট/হেঃ) |
|------------|--------|-------|--------|------------|----------------------|
| (কেজি/হেঃ) | | | | | |
| ৩৫০ | ৩০০ | ২৩০ | ৫০ | ০৩ | ০৮ |

এবং

খ) শতকে

| ইউরিয়া | টিএসপি | এমওপি | জিপসাম | বোরিক এসিড | পঁচা গোবর (কেজি/শতক) |
|-------------|--------|-------|--------|------------|-------------------------|
| (গ্রাম/শতক) | | | | | |
| ১৪১৭ | ১২১৫ | ৯৩১ | ২০২ | ১২ | ৩২ |

প্রয়োগ পদ্ধতিঃ

শেষ চাষের সময় সবটুকু পঁচা গোবর, টিএসপি এবং অর্ধেক ইউরিয়া ও এমপি সার ছকে নির্ধারিত মাত্রায় জমিতে সমানভাবে ছিটিয়ে মাটির সাথে মিশিয়ে দিতে হবে। বাকি ইউরিয়া ও এমপি সার সমান অংশে যথাক্রমে বীজ বপনের তৃতীয় ও পঞ্চম সপ্তাহে ২ কিস্তিতে প্রয়োগ করতে হবে।

আপনি গত ১৫ দিন পূর্বে সবজিগুলো বপন/রোপন করেছেন। সবজিগুলোর বর্তমান অবস্থা এবং মাটির উর্বরতা সম্পর্কে কোন তথ্য নেই। আপনার উচিত হবে নিকটস্থ উপসহকারী কৃষি কর্মকর্তা অথবা উপজেলা কৃষি অফিসের সংশ্লিষ্ট কর্মকর্তার পরামর্শ অনুযায়ী সার প্রয়োগ করা।